

স্মারক নং-০৫.৪৩.৭৬০০.০৩৬.৩১.০০১.২১.১৩১০

তারিখ : ২০ কার্তিক ১৪২৮  
১৪ নভেম্বর ২০২১

“ গণ বিজ্ঞপ্তি ”

এতদ্বারা সংশ্লিষ্ট সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২৮ নভেম্বর ২০২১ তারিখে পাবনা জেলার সাঁথিয়া, চাটমোহর এবং ঈশ্বরদী উপজেলাধীন সকল ইউনিয়ন পরিষদের সাধারণ নির্বাচন অনুষ্ঠিত হবে। বর্ষিত নির্বাচন সুষ্ঠুভাবে শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্ন করার নিমিত্ত সাঁথিয়া, চাটমোহর এবং ঈশ্বরদী উপজেলাধীন লাইসেন্সকৃত বৈধ আগ্নেয়াস্ত্রসমূহ ভোটগ্রহণের পূর্বের ০৭(সাত)দিন ভোট গ্রহণের দিন এবং ভোট গ্রহণের পরের ০৫(পাঁচ) দিন আগ্নেয়াস্ত্রসহ চলাচল, বহন ও প্রদর্শন নিষিদ্ধকরণের নির্দেশনা পাওয়া গিয়েছে। বর্ষিত নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণভাবে সম্পন্ন করার লক্ষ্যে জনস্বার্থে বর্ষিত উপজেলাধীন বৈধ লাইসেন্সধারীগণকে বাধ্যতামূলকভাবে আগ্নেয়াস্ত্রসহ চলাচল এবং আগ্নেয়াস্ত্রসমূহ বহন ও প্রদর্শনের উপর নিষেধাজ্ঞা আরোপ করা সমীচীন মর্মে নিম্নস্বাক্ষরকারীর নিকট প্রতীয়মান হয়েছে।

এমতাবস্থায়, বর্ষিত নির্বাচন সুষ্ঠু ও শান্তিপূর্ণ পরিবেশে সম্পন্ন করার নিমিত্ত The Arms Act, 1878 এর Section 26-এ প্রদত্ত ক্ষমতাবলে পাবনা জেলার সাঁথিয়া, চাটমোহর এবং ঈশ্বরদী উপজেলাধীন সকল বৈধ আগ্নেয়াস্ত্র লাইসেন্সধারীগণকে বাধ্যতামূলকভাবে আগামী ২১-১১-২০২১ খ্রিঃ তারিখে হতে ৩/১২/২০২১ খ্রিঃ তারিখ পর্যন্ত মোট ১৩(তের) দিন তাদেরকে আগ্নেয়াস্ত্রসহ চলাচল এবং আগ্নেয়াস্ত্রসমূহ বহন ও প্রদর্শন নিষিদ্ধ ঘোষণা করা হলো।

এ আদেশ ২০-১১-২০২১ খ্রিঃ তারিখ রাত্রি ১২:০০ টা হতে কার্যকর হবে এবং আদেশ লঙ্ঘনকারীদের বিরুদ্ধে অত্র আইনের সংশ্লিষ্ট ধারামতে শাস্তিমূলক আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

স্বাক্ষর:

(বিশ্বাস রাসেল হোসেন)  
জেলা ম্যাজিস্ট্রেট  
পাবনা

ফোনঃ ০২৫৮৮৮৪৫৪৯৯

e-mail: dcpabna@mopa.gov.bd

স্মারক নং-০৫.৪৩.৭৬০০.০৩৬.০০৫.০০১.২১.১৩১০

তারিখ : ২০ কার্তিক ১৪২৮  
১৪ নভেম্বর ২০২১

অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো(জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

- ০১। মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০২। সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ০৩। সচিব, নির্বাচন কমিশন সচিবালয়, ঢাকা।
- ০৪। বিভাগীয় কমিশনার, রাজশাহী বিভাগ, রাজশাহী।
- ০৫। বিজ্ঞ জেলা ম্যাজিস্ট্রেট------(সকল) জেলা।
- ০৬। পুলিশ সুপার, পাবনা, গণ বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট এলাকায় বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ০৭। যুগ্ম পরিচালক, এন এস আই, পাবনা।
- ০৮। উপপরিচালক, র্যাব-১২, পাবনা।
- ০৯। মেয়র, সাঁথিয়া/চাটমোহর/ঈশ্বরদী পৌরসভা, পাবনা অফিস আদেশটি তাঁর অধিক্ষেত্রে ব্যাপক প্রচারের অনুরোধসহ।
- ১০। উপজেলা নির্বাহী অফিসার, সাঁথিয়া/চাটমোহর/ঈশ্বরদী, পাবনা গণ বিজ্ঞপ্তি তাঁর উপজেলাধীন বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ।
- ১১। সহকারী কমিশনার, আইসিটি শাখা, জেলা প্রশাসকের কার্যালয়, পাবনা। অত্র গণ বিজ্ঞপ্তি জেলা ওয়েব পোর্টালে প্রকাশের জন্য অনুরোধ করা হলো।
- ১২। জেলা নির্বাচন অফিসার, পাবনা।
- ১৩। সিনিয়র জেলা তথ্য অফিসার, পাবনা তাঁকে গণ বিজ্ঞপ্তি সংশ্লিষ্ট এলাকায় মাইকযোগে বহুল প্রচারের অনুরোধ করা হলো।
- ১৪। অফিসার ইনচার্জ, সাঁথিয়া/চাটমোহর/ঈশ্বরদী থানা, পাবনা গণ বিজ্ঞপ্তি প্রচারের অনুরোধসহ।
- ১৫। সম্পাদক, দৈনিক-----পত্রিকা, পাবনা। তাঁকে গণ বিজ্ঞপ্তি আপনার পত্রিকায় সংবাদ হিসেবে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১৬। ম্যানেজার-----, স্যাটেলাইট, পাবনা। তাঁকে গণ বিজ্ঞপ্তি ক্যাবল নেটওয়ার্কের মাধ্যমে প্রচারের ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১৭। চেয়ারম্যান-----ইউপি, উপজেলা-----জেলা-পাবনা। তাঁকে অত্র অফিস আদেশটি ব্যাপক প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ১৮। জনাব.....

১৪/১১/২০২১  
জেলা ম্যাজিস্ট্রেট  
পাবনা